

৭
(প্রমদাবাবুকে লিখিত)

ঈশ্বরো জয়তি

বরাহনগর
১১ই ফাল্গুন
(২১ শে ফেব্রুয়ারি, ১৮৮৯)

মহাশয়,

কাশীধামে যাইবার সঙ্কল্প ছিল এবং আমার গুরুদেবের জন্মভূমি পরিদর্শনান্তর কাশীধামে পৌঁছিব -- এইরূপ কল্পনা ছিল; কিন্তু আমার দুরদৃষ্টবশতঃ উক্ত গ্রামে যাইবার পথে অত্যন্ত জ্বর হইল এবং তৎপরে কলেরার ন্যায় ভেদবমি হইয়াছিল। তিন-চারি দিনের পর পুনরায় জ্বর হইয়াছে; এক্ষণে শরীর এ প্রকার দুর্বল যে, দুই কদম চলিবার সামর্থ্যও নাই। অতএব বাধ্য হইয়া এক্ষণে পূর্বোক্ত সঙ্কল্প পরিত্যাগ করিতে হইল। ভগবানের কি ইচ্ছা জানি না, কিন্তু আমার শরীর এ পথের নিতান্ত অনুপযুক্ত। যাহা হউক শরীর বিশেষ বড় কথা নহে। কিছুদিন এখানে থাকিয়া কিঞ্চিৎ সুস্থ হইলেই মহাশয়ের চরণ দর্শন করিবার অভিলাষ আছে। বিশেষ্বরের ইচ্ছা যাহা, তাহাই হইবে, আপনিও আশীর্বাদ করুন। জ্ঞানানন্দ ভায়াকে আমার প্রণাম, মহাশয়ও জানিবেন। ইতি

দাস

নরেন্দ্র